



সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি

প্রধান কার্যালয়ঃ পাটকেলঘাটা, সাতক্ষীরা

দুরালাপনী

জেনারেল ম্যানেজারঃ ০১৭৬৯-৪০০০৭২

অফিস / অভিযোগ কেন্দ্রঃ ০১৭৬৯-৪০১৮১০

Web site : www.satkhirapbs.org.bd

E-mail : satkhirapbs@yahoo.com

ISO 9001:2015 Certified

স্মারক নং-২৭.১২.৮৭৯০.৫১৫.০১.০৩৮.২২. ২২২০

তারিখঃ ২২/০৮/১৪২৯ বাং
০৭/১২/২০২২ ইং

বিষয়ঃ- কর্মকর্তা / কর্মচারীদের গ্রুপ জীবন বীমার দরপত্র (RFQ) আহ্বান প্রসঙ্গে।

সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি এর নিজস্ব তহবিলের আওতায় নিয়মিত পদে কর্মরত কর্মকর্তা / কর্মচারীগণের জন্য আগামী ০১ (এক) বৎসর মেয়াদী সর্বোচ্চ ০৩ (তিন) বার গ্রুপ জীবন বীমার আওতায় বীমা পত্র সম্পাদন করা হইবে। এ উদ্দেশ্যে বীমা প্রিমিয়ামের হার (প্রতি হাজার অংকে) এবং বীমা দাবী প্রদানের ক্ষেত্রে যে সব সুবিধাদি রহিয়াছে সেই বিষয়ে বিস্তারিত বর্ণনাসহ বাংলাদেশী প্রকৃত লাইফ ইন্স্যুরেন্স কোম্পানীর নিকট হইতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

দরপত্র নং	নিয়মিত কর্মকর্তা / কর্মচারীর সংখ্যা	মোট বীমা অংক	প্রতি হাজার টাকা বীমা অংকের জন্য বার্ষিক প্রিমিয়াম হার	মোট বার্ষিক প্রিমিয়াম
১১/২০২২-২০২৩	৩৮০	১৭,৭৮,০১,১২৩/-		

দরপত্র দাখিল ও খোলার স্থান ও সময়


০১॥	দরপত্র জমা দেওয়ার তারিখ ও সর্বশেষ সময়	১৪/১২/২০২২ খ্রিঃ তারিখ বুধবার দুপুর -১১:০০ ঘটিকা পর্যন্ত।
০২॥	দরপত্র জমা দেওয়ার স্থান	(ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এবং (খ) জেনারেল ম্যানেজার, সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, পাটকেলঘাটা, সাতক্ষীরা।
০৩॥	দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান	১৪/১২/২০২২ খ্রিঃ তারিখ বুধবার দুপুর ১১:০৫ ঘটিকায় (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এবং (খ) জেনারেল ম্যানেজার, সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, পাটকেলঘাটা, সাতক্ষীরা। দাখিলকৃত দরপত্র সমূহ বর্ণিত সময় সূচী অনুযায়ী স্ব স্ব দপ্তরে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) কোটেশনসমূহ খোলা হইবে।

ঃ দরপত্রের শর্তাবলী :

- ০১॥ দরপত্রে উদ্ধৃত প্রতি হাজার টাকা বীমা অংকের জন্য বার্ষিক প্রিমিয়াম হার ও মোট বার্ষিক প্রিমিয়াম স্পষ্টাক্ষরে লিখিতে হইবে। কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা ও ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হইবে না। দরপত্রের প্রতি হাজার টাকা বীমা অংকের জন্য বার্ষিক প্রিমিয়াম হার ও মোট বার্ষিক প্রিমিয়াম উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকিলে সর্বক্ষেত্রে প্রতি হাজার টাকা বীমা অংকের জন্য বার্ষিক প্রিমিয়াম হার গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হইবে।
- ০২॥ খামের উপর “ গোষ্ঠী জীবন বীমা দরপত্র ” কথাটি স্পষ্টাক্ষরে লিখিতে হইবে।
- ০৩॥ দরপত্র সঠিকভাবে পূরণ করিয়া জীবন বীমা প্রতিষ্ঠানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি দরপত্রে স্বাক্ষর করতঃ দরপত্র দাখিল করিতে হইবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।
- ০৪॥ পল্লী বিদ্যুৎ সমিতি সমূহে দুর্ঘটনা বীমা ও সাধারণ মৃত্যু বীমার দাবী দ্রুত নিষ্পত্তি করার অভিজ্ঞতা থাকিতে হইবে এবং দাবী পূরণের পক্ষে প্রমানক সংযুক্ত করিলে অগ্রাধিকার ক্রম হিসাবে বিবেচিত হইবে।
- ০৫॥ বীমা দাবী কত দিনের মধ্যে পূরণ করা হইবে তাহা দরপত্রে উল্লেখ করিতে হইবে।


(পাতা নং-২)

- ০৬। সর্বনিম্ন ও রেসপনসিভ দরদাতা জীবনবীমা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হইবে। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে চুক্তি সম্পাদন করতঃ প্রিমিয়াম বাবদ অর্থ প্রাপকের খাতে প্রদেয় চেকের মাধ্যমে পরিশোধ করা হইবে।
- ০৭। অত্র সমিতির কর্মরত নিয়মিত কর্মজীবী কর্মকালীন সময়ে স্বাভাবিক মৃত্যুবরণ করিলে তাহার উত্তরাধিকারীগণ-কে সর্বশেষ মাসের মূল বেতনের ২৪ গুন অথবা সর্বোচ্চ ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা যাহা বেশী এবং দূর্ঘটনায় মৃত্যুবরণ করিলে তাহার দ্বিগুণ টাকা জীবন বীমা প্রতিষ্ঠানকে মৃত দাবী হিসাবে পরিশোধ করিতে হইবে।
- ০৮। প্রতিষ্ঠানে নতুন কোন কর্মকর্তা / কর্মচারী যোগদান অথবা চাকুরী স্থানান্তরের কারণে অত্র পবিস এ বদলী করা হইলে তাহাদেরকে উক্ত গোষ্ঠী জীবন বীমার আওতায় আনা হইবে। তবে অত্র পবিস এর গোষ্ঠী জীবন বীমার আওতায় চুক্তিবদ্ধ কোন কর্মকর্তা / কর্মচারী অন্য পবিস এ বদলী করা হইলে তিনিও বদলীকৃত স্থানে ক্রমিক নং- ০৭ এর বর্ণিত সুবিধা পাইবেন।
- ০৯। দরপত্র উল্লেখ নাই এমন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।


(জিয়াউর রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতি ও নোটিশ বোর্ডে প্রচারের জন্য প্রেরিত হল।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবঃ পরিঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক/ পুলিশ সুপার-সাতক্ষীরা।
- ০৩। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, সাতক্ষীরা।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল মানেজার, পবিস-১/২/৩/৪।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, এলইজিডি/সড়ক ও জনপথ বিভাগ, সাতক্ষীরা।
- ০৬। ডিজিএম (সদর-কারিগরী)/ কলারোয়া জোঃ অঃ, সাতক্ষীরা পবিস | দরপত্র মূল্যায়নে উপস্থিত থাকার অনুরোধ করা হলো।
- ০৭। সহকারী প্রকৌশলী, বাপবিবোর্ড, সাতক্ষীরা।
- ০৮। এজিএম -ওএন্ডএম/অর্থ/প্রশাসন, সাতক্ষীরা পবিস- দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়নে উপস্থিত থাকার অনুরোধ করা হলো।
- ০৯। এজিএম (আইটি), সাতক্ষীরা পবিস- ওয়েব সাইটে প্রকাশের জন্য।
- ১০। নোটিশ বোর্ড, সাতক্ষীরা পবিস।


(জিয়াউর রহমান)
জেনারেল ম্যানেজার